গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

নং-নায়েম/৩৭.০৪.২৬৬৩.৪০২.৪৬.০২১.১৭ (পার্ট-১)/ ২৬৬৬ (২)

তারিখ: ০২/০২/১৪২৯ বঙ্গাব্দ
১৬/০৫/২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়: বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) কর্তৃক বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কর্মসম্পাদন সূচক ২.২.৫ অনুসারে দেশে/বিদেশে বাস্তবায়িত একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন কর্মপরিকল্পনার একটি আবশ্যিক বিষয়। এ উদ্দেশ্যে আগামী ১৮ মে ২০২২ খ্রি. তারিখে নিম্নোক্ত ০৩ জন কর্মকর্তা বিএনসিইউ-তে উপস্থিত হয়ে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ সম্পর্কে বিস্তারিত অভিজ্ঞতা অর্জন করবেন।

এ বিষয়ে আপনার সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ করছি।

| ক্র. নং | নাম ও পদবি |
|---|---|
| ১ | জনাব মো : সাইদুজ্জামান<br>উপপরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন) ও সদস্য, ই-গভর্নেন্স ও উদ্ভাবন কমিটি নায়েম |
| ২ | জনাব আসমা আক্তার খাতুন<br>প্রশিক্ষণ বিশেষজ্ঞ ও বিকল্প ফোকাল পয়েন্ট, ই-গভর্নেন্স ও উদ্ভাবন কমিটি নায়েম |
| ৩ | জনাব স্বপন কুমার সাহা<br>প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম ও ফোকাল পয়েন্ট<br>ই-গভর্নেন্স ও উদ্ভাবন কমিটি নায়েম |

১৬/৫/২০২২

**(প্রফেসর ড. মোঃ নিজামুল করিম)**
মহাপরিচালক
ফোন: ৫৫১৬৭৫২৮
e-mail:info@naem.gov.bd

জনাব মোঃ সোহেল ইমাম খান
ডেপুটি সেক্রেটারি জেনারেল
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
ই-মেইল : natcombd@yahoo.com

দৃষ্টি আকর্ষণ: এস.এম. ফয়সাল আরাফাত
প্রোগ্রাম অফিসার (আইসিটি ও এএসপিনেট), ফোকাল পয়েন্ট, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন

অনুলিপি:
১. ফোকাল পয়েন্ট, এপিএ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. দপ্তর কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

নং-নায়েম/৩৭.০৪.২৬৬৩.৪০২.৪৬.০২১.১৭ (পার্ট-১)/ ২৭৫ তারিখ: ১৬-০৫-২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়: বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) কর্তৃক বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন**

উপর্যুক্ত বিষয়ে বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কর্মসম্পাদন সূচক ২.২.৫ অনুসারে দেশে/বিদেশে বাস্তবায়িত একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন কর্মপরিকল্পনার একটি আবশ্যিক বিষয়। এ উদ্দেশ্যে গত ১৬ মে ২০২২ খ্রি. তারিখে ১) জনাব মো: সাইদুজ্জামান, উপপরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন) ও সদস্য, ই-গভর্নেন্স ও উদ্ভাবন কমিটি নায়েম, ২) জনাব আসমা আক্তার খাতুন, প্রশিক্ষণ বিশেষজ্ঞ ও বিকল্প ফোকাল পয়েন্ট, ই-গভর্নেন্স ও উদ্ভাবন কমিটি নায়েম, ৩) জনাব স্বপন কুমার সাহা, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম ও ফোকাল পয়েন্ট, ই-গভর্নেন্স ও উদ্ভাবন কমিটি নায়েম ০৩ জন কর্মকর্তা বিএনসিইউ-তে উপস্থিত হয়ে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ সম্পর্কে বিস্তারিত অভিজ্ঞতা অর্জন করেন।

উক্ত অফিসের ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-এর নির্দেশে ১) এস.এম. ফয়সাল আরাফাত, প্রোগ্রাম অফিসার (আইসিটি ও এএসপিনেট), ফোকাল পয়েন্ট, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন ও ২) জনাব শেখ মোহাম্মদ সাইফুল ইসলাম শুভ, প্রোগ্রাম অফিসার (অর্থ ও প্রশাসন) এবং বিকল্প ফোকাল পয়েন্ট, ই-গভর্নেন্স ও উদ্ভাবন, পরিদর্শনকারী দলকে অভ্যর্থনা জানান।

ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাদ্বয় বিএনসিইউ-তে ২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়িত উদ্যোগ সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করেন।

**বাস্তবায়িত উদ্যোগ এর শিরোনাম :**

Better Task Management, Better Service (software)

**বাস্তবায়িত উদ্যোগ এর বর্ণনা :**

Better Task Management, Better Service (software) মূলত: উক্ত অফিসের ই-ম্যানেজমেন্ট কার্যক্রম। এটি একটি সফট্ওয়ার ভিত্তিক ম্যানেজমেন্ট প্রোগ্রাম। এই প্রোগ্রামে অফিস প্রধান এর অধিনস্ত সকল কর্মকর্তাগণ তাঁদের দৈনন্দিন সূচি অনুযায়ী নির্দেশিত ও নির্ধারিত কাজ সম্পর্কে সম্যক ধারণা লাভ করেন। তিনি কর্মকর্তাগণের কর্মপরিধি অনুযায়ী কাজের বন্টন করেন। বন্টিত কাজসমূহের জন্য সর্বশেষ সময়সীমা নির্ধারিত থাকে। প্রত্যেক কর্মকর্তা নোটিফিকেশনের মাধ্যমে তাঁদের কাজ (মূলত: ই-নথি) সম্পর্কে প্রাথমিক অবহিত হন। কর্মকর্তাগণ নোটিফিকেশন অনুসরণে উক্ত কাজের নিঘর্ন্ট সম্পর্কে অবহিত হন। কাজের গুরুত্ব ও সর্বশেষ সময় বিবেচনায় প্রত্যেক কর্মকর্তা তাঁদের প্রতি নির্দেশিত কাজ করতে বাধ্য থাকেন। অফিস প্রধান উক্ত প্রোগ্রামের মাধ্যমে সার্বক্ষণিক প্রত্যেক কর্মকর্তার নির্ধারিত কাজ সম্পকে অবগত থাকেন। প্রয়োজনে তিনি গুরুত্ব বিবেচনায় কর্মকর্তাগণকে চূড়ান্ত নোটিফিকেশন প্রদান করেন।

**উদ্যোগ বাস্তবায়নের চ্যালেঞ্জ ও চ্যালেঞ্জ মোকাবিলা:**

এটি সম্পূর্ণ সফট্ওয়ার ভিত্তিক প্রোগ্রাম। সার্বক্ষণিক ইন্টানেট সুবিধা নিশ্চিত করা আবশ্যক। ইন্টারনেট সুবিধা নিশ্চিতের মাধ্যমে প্রত্যেক কর্মকর্তা নির্ধারিত কাজ সুসম্পন্ন করতে সক্ষম হন।

**উদ্যোগ বাস্তবায়নের ফলাফল:**

এই উদ্যোগ বাস্তবায়নের ফলে অফিসের প্রত্যেক কর্মকর্তা এবং কর্মচারি স্ব স্ব বিভাগের জন্য নির্ধারিত ও নির্দেশিত কাজ যথাসময়ে সুসম্পন্ন করতে সজাগ থাকেন। যেহেতু অফিস প্রধান সার্বক্ষণিক স্বাধীনভাবে নির্ধারিত ও নির্দেশিত কাজের অবস্থা সম্পর্কে অবগত থাকেন সেহেতু অফিসের সকল কাজ যথাসময়ে সুচারুরূপে সম্পন্ন হয়। এটা অবশ্যই জবাবদিহিতা নিশ্চিত করে, যা সুশাসন প্রতিষ্ঠার জন্য প্রথম আবশ্যকীয়।

16.05.2022

(স্বপন কুমার সাহা)
প্রশিক্ষণ বিশেষজ্ঞ ও
সদস্য-সচিব, ই-গর্ভন্যান্স ও ইনোভেশন কমিটি নায়েম